গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন-০১ অধিশাখা
www.sid.gov.bd

৩০ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ

নং-৫২.০০.০০০০.০০৮.১৪.৮৯৩.২০২০- ৬৪৯

তারিখঃ---------------------------
১৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর সকল সংরক্ষিত এলাকায় জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রসংগে।

সূত্রঃ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-২৩.০০.০০০০.১১০.১৬.২১৩.১৯-১৯৫, তারিখ ০৯ ফেব্রুয়ারি ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বিভাগের সচিব মহোদয়ের ডিও পত্রের প্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। বিষয়টি তাঁর সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

নূরজাহান
উপসচিব
☎ ৫৫০০৭০৮৭

মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন,
আগারগাঁও, ঢাকা।

**সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ**

১। পরিচালক, সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, 'জনশুমারি ও গৃহগণনা ২০২১" শীর্ষক প্রকল্প, বিবিএস, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.১১০.১৬.২১৩.১৯-১৯৫ তারিখ: ২৬ মাঘ ১৪২৬/ ০৯ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর সকল সংরক্ষিত এলাকায় জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রসঙ্গে।

সূত্রঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর আধা সরকারী পত্র নম্বর: ৫২.০০.০০০০.০০৮.১৪.৮৯৩.২০২০-৬০৯, তারিখ: ২৭ জানুয়ারি ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের লিস্টিং অপারেশন (খানা তালিকাভুক্তকরণ), জোনাল অপারেশন ও মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে প্রাপ্ত আধা সরকারী পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক (০১ পৃষ্ঠা)।

০৯/০২/২০২০
(মোছাঃ আনার কলি)
উপসচিব (প্রশাসন)
ফোন: ৯১১৩৩১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সেনাসদর, জিএস শাখা, এসডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২। পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
৩। বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

F:\kamrul\Letter.docx

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Secretary
Statistics and Informatics Division
Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh

**উপানুষ্ঠানিক পত্র নং:** ৫২.০০.০০০০.০০৮.১৪.৮৯৩.২০২০-৬০৩

**তারিখ:** ২৭ জানুয়ারি ২০২০

প্রিয় সহকর্মী,

আপনি নিশ্চয় অবগত আছেন যে, দেশের বিভিন্ন আর্থ-সামাজিক ক্ষেত্রে নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ ও প্রকাশনার নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পর্যায়ক্রমে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। আপনার আরো অবগতির জন্য জানাচ্ছি যে, স্বাধীন বাংলাদেশে প্রথম গৃহগণনা ১৯৭৩ সালে এবং প্রথম আদমশুমারি ১৯৭৪ সালে অনুষ্ঠিত হয়। ১৯৮১ সালে ২য় আদমশুমারি ও গৃহগণনা একত্রে পরিচালনা করা হয়। পরবর্তীতে তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা যথাক্রমে ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালে অনুষ্ঠিত হয়। ২০১৩ সালের পরিসংখ্যান আইনের মাধ্যমে 'আদমশুমারি ও গৃহগণনা' এর নাম পরিবর্তন করে 'জনশুমারি ও গৃহগণনা' করা হয়। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) সূচক ১৭.১৯.২ অনুযায়ী প্রতিটি দেশে প্রতি দশ বছর অন্তত ০১ (এক) বার 'জনশুমারি ও গৃহগণনা' পরিচালনার বাধ্যবাধকতা রয়েছে। দশ বছর পর্যাবৃত্তি অনুসরণপূর্বক দেশের ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা' আগামী ২০২১ সালের ০২-০৮ জানুয়ারি সময়ে পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

০২। উল্লিখিত জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় খানা তালিকাভুক্তিকরণ ও ম্যাপ হালনাগাদকরণ, জোনাল অপারেশনের মাধ্যমে প্রস্তুতিমূলক কাজ এবং মূল শুমারির তথ্য সংগ্রহের কাজ মাঠ পর্যায়ে দেশের প্রতিটি খানা/পরিবার (Household) হতে সংগ্রহ করা হবে। পূর্বে সকল শুমারিতে শুধু পেপারবেইজড প্রশ্নপত্রের মাধ্যমে গণনা কার্যক্রম পরিচালিত হয়েছে। মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত National Strategy for the Development of Statistics (NSDS) এ ই-সেন্সাস (Electronic Census) পরিচালনার উল্লেখ রয়েছে। এছাড়া United Nations Statistics Division (UNSD) কর্তৃক সুপারিশকৃত আন্তর্জাতিক শুমারি গাইডলাইন অনুসরণপূর্বক প্রথমবারের মত জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর গণনা কার্যক্রমে মাল্টিমোড (পেপার বেইজড প্রশ্নপত্র/কল সেন্টার টেলিফোনিক ইন্টারভিউ/মোবাইল অ্যাপ্লিকেশন/পিক অ্যান্ড ড্রপ অফ প্রশ্নপত্র প্রভৃতি) ব্যবহার করে তথ্য সংগ্রহ করা হবে। উক্ত তথ্য সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে স্থানীয়ভাবে শিক্ষিত জনগোষ্ঠীর মধ্য হতে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে। মূল তথ্য সংগ্রহ কার্যক্রম শুরুর পূর্বে গণনা এলাকার সীমানা নির্ধারণ, গণনা এলাকার ম্যাপ প্রস্তুতকরণ ও অন্যান্য প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পন্ন করা হবে।

০৩। প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী দেশের সকল বিভাগের সকল জেলায় ফেব্রুয়ারি, ২০২০ সময়ে খানা তালিকাভুক্তিকরণ ও ম্যাপ হালনাগাদকরণ, মার্চ-এপ্রিল, ২০২০ সময়ে প্রথম জোনাল অপারেশন, অক্টোবর, ২০২০ সময়ে ২য় জোনাল অপারেশনের প্রস্তুতিমূলক কাজ এবং ০২-০৮ জানুয়ারি ২০২১ সময়ে মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ কাজের উদ্দেশ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাঁদের আওতাধীন সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর সংরক্ষিত এলাকায় গমন করে প্রস্তুতিমূলক খানা তালিকাভুক্তিকরণ, জোনাল অপারেশন ও তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদনের উদ্যোগ গ্রহণপূর্বক প্রয়োজনীয় যোগাযোগ করবেন।

০৪। বর্ণিত অবস্থায়, সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর সকল সংরক্ষিত এলাকায় জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের লিস্টিং অপারেশন (খানা তালিকাভুক্তিকরণ), জোনাল অপারেশন ও মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনায় সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।

একান্তভাবে আপনার

২৭/০১/২০২০

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন, ঢাকা।

সচিবের দপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডায়েরি নং ৯৮০ তারিখ: ২৮-১-২০২০
☑ অতি. সচিব ☐ জরুরি ব্যবস্থা নিন
☐ যুগ্মসচিব (পুঃউঃ/১/৫) ☐ উপস্থাপন করুন
☐ প্রধান উপদেষ্টা ☐ ব্যবস্থা নিন
☐ উপসচিব ১/২/৩/৮/৫ ☐ আলোচনা করুন
☐ একান্ত সচিব ☐ নথিভুক্ত করুন
☐ হিসাবরক্ষণ কর্মকর্তা ☐ অনুমোদিত

পরিসংখ্যান ভবন, ই-২৭/এ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭, ফোন: ৫৫০০৭৩৭৩, ৫৫০০৭০৭০, ৫৫০০৭০৮৬। ফ্যাক্স: ৫৫০০৭৩৭৫, ইমেইল: secy@sid.gov.bd, ওয়েবসাইট: www.sid.gov.bd
Parishankhyan Bhaban, E-27/A Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka-1207, Tel: 55007373, 55007070, 55007086, Fax: 55007375, Email: secy@sid.gov.bd, Website: www.sid.gov.bd